

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৪১৩.২০২০-১০৯১

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১


বিষয়: রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ এর রুল ও আরজির আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ এর ২৫/০১/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার ২নং ভাটিয়াপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব শাহজাহান কাজী এলিয়াছ-কে স্বীয়পদ হতে সাময়িক বরখাস্ত করার নিমিত্ত এ বিভাগের গত ০৯/০৬/২০২০ খ্রি. তারিখের ৫৫৮নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ০৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৬০৩/২০২০ আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারী জবাব (Statements of Defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়নপূর্বক দুই প্রস্থ জরুরী ভিত্তিতে এ বিভাগের আইন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল:

mohiuddinshameem952@gmail.com

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ


স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৪১৩.২০২০-১০৯১/১(৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



১-৯-২০২১  
মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব